

■ সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩০৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. তাশাহুদের বর্ণনা এবং তা পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ صِفَةِ التَّشَهِيدِ وَجُوبِهِ وَالْخِلَافُ الرِّوَايَاتِ فِيهِ

আরবী

حَدَّثَنَا عَلَيْ بْنُ عَبْدِ اللَّهِ بْنُ مُبَشِّرٍ ، ثَنَا أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ ، ثَنَا الْمُعْتَمِرُ قَالَ : سَمِعْتُ أَبِي يُحَدِّثُ عَنْ قَتَادَةَ عَنْ أَبِي غَلَابٍ عَنْ حِطَّانَ بْنِ عَبْدِ اللَّهِ الرَّقَاشِيِّ أَنَّهُمْ صَلَوَوا مَعَ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ فَقَالَ : إِنَّ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - خَطَبَنَا فَكَانَ يُبَيِّنُ لَنَا مِنْ صَلَاتِنَا وَيُعَلِّمُنَا سُنْنَتَنَا فَذَكَرَ الْحَدِيثَ وَقَالَ فِيهِ فَإِذَا كَانَ عِنْدَ الْقَعْدَةِ فَلِيَكُنْ مِنْ قَوْلِ أَحَدِكُمْ "الْتَّحِيَاتُ الطَّيِّبَاتُ الصَّلَوَاتُ لِلَّهِ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهُدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهُدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ" . زَادَ فِيهِ عَلَى أَصْحَابِ قَتَادَةَ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَخَالَفُهُ هِشَامٌ وَسَعِيدٌ وَأَبْيَانٌ وَأَبُو عَوَانَةَ وَغَيْرُهُمْ عَنْ قَتَادَةَ . وَهَذَا إِسْنَادٌ مُتَّصِلٌ حَسَنٌ

বাংলা

১৩০৩(৯). আলী ইবনে আবদুল্লাহ ইবনে মুবাশির (রহঃ) ... হিতান ইবনে আবদুল্লাহ আর-রাকাশী (রহঃ) থেকে বর্ণিত। তারা আবু মূসা (রাঃ)-এর সাথে নামায পড়লেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উদ্দেশ্যে ভাষণ দিলেন। তিনি তাতে আমাদের নিকট আমাদের নামাযের নিয়ম-কানুন বর্ণনা করেন এবং আমাদেরকে আমাদের অনুসরণীয় সুন্নাত তরীকা শিক্ষা দেন। রাবী পূর্ণ হাদীসটি বর্ণনা করেন এবং তাতে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ তাশাহুদের বৈঠকে তোমাদের প্রত্যেকের কথা হবে, “আত্তাহিয়াতুত তয়িবাতুয়-যাকিয়াতু লিল্লাহ। আসসালামু আলাইকা আয়ুহান-নাবিয়ু ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুল্ল। আসসালামু আলাইনা ওয়া আলা ইবাদিল্লাহিস-সালিহীন। আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাল্ল লা শারীকা লাল্ল ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুল্ল ওয়া রাসূলুল্লহ।” এই হাদিসে কাতাদা (রহঃ) থেকে বর্ণনাকারীদের বর্ণনার সাথে আরো যোগ করা হয়েছে, “ওয়াহদাল্ল লা শারীকা লাল্ল”।

হিশাম, সাইদ, আবান, আবু আওয়ানা (রহঃ) প্রমুখ কাতাদা (রহঃ) থেকে বর্ণনায় পার্থক্য করেছেন। এই সনদসূত্র মুতাসিল (পরস্পর সংযুক্ত) ও হাসান (উত্তম)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হিতান ইবনে আবদুল্লাহ আর-রাকাশী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81092>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন